# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৩০০১/পটুয়াখালী-৭৯/২৬৩

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২
০৩ নভেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন মধ্য পানপট্টি ইসলামিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে অনৈতিক কর্মকান্ড ও আর্থিক কেলেঙ্কারীসহ নানা প্রকার অনিয়ম সংক্রান্ত বিষয়ে মোঃ আফাজ উদ্দিন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৩.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmcb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৩০০১/পটুয়াখালী-৭৯/

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২
০৩ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী;
৪. সভাপতি, মধ্য পানপট্টি ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-পানপট্টি, গলাচিপা, পটুয়াখালী;
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মধ্য পানপট্টি ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-পানপট্টি, গলাচিপা, পটুয়াখালী;
৬.জনাব মোঃ আফাজ উদ্দিন(অভিযোগকারী), গ্রাম-কোকাইতাবোক, উওর পানপট্টি, ডাকঘর-পানপট্টি, থানা-গলাচিপা, জেলা-পটুয়াখালী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

৩/১১/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmcb.gov.bd

বরাবর

তারিখ : ২৫/০৯/২০২৫ইং

রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

**বিষয় : বর্তমান এডহক কমিটির বিরুদ্ধে অভিযোগ ও ভবিষ্যৎ এডহক কমিটি গঠন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত সম্মান পুর্বক নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ (অত্র মাদ্রাসার অভিভাবকগণ) এই মর্মে অভিযোগ দাখিল করিতেছি যে, মধ্যপানপট্টি ইসলামিয়া দাখিল মাদ্রাসা EIIN NO.102300 উপজেলা- গলাচিপা, জেলা- পটুয়াখালী। বিগত প্রায় ১৭ (সতের) বছর ফ্যাসিস্ট আওয়ামী সরকারের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির কারনে মাদ্রাসাটি আলিম স্তর থেকে দাখিল স্তরে রূপান্তরিত হয়েছে। গত ১৯/০৪/২০২৫ইং তারিখে স্থানীয় গণ্যমান্য ও সমাজসেবকদের সুপারিশক্রমে যাকে অনলাইনের মাধ্যমে এডহক কমিটির সভাপতি মনোনীত করা হয়েছিল, যেখানে মাদ্রাসা বোর্ডকে মিথ্যা ও বিভ্রান্তিমূলক তথ্য-উপাত্ত দিয়ে ইউছুপ রাঢ়ী সভাপতি নির্বাচিত করা হয়েছিলেন। সভাপতি হবার পর ইউছুপ রাঢ়ী দায়িত্ব গ্রহনের পরে মাদ্রাসার বিভিন্ন রকমের অনৈতিক কর্মকান্ড ও আর্থিক কেলেঙ্কারীর সাথে জড়িয়ে পড়েন এবং নিজের মতো করে পুর্নাঙ্গ কমিটি বাস্তবায়নের লক্ষ্যে অনেক বৈধ অভিভাবক ভোটারদের বাদ দিয়ে ভোটার তালিকা তৈরি করে নির্বাচনের আয়োজন করেছিলেন। এই ঘটনা জানতে পেরে মোঃ জসিম উদ্দিন, মোঃ আফাজ উদ্দিন, মোঃ শহীদ , আনোয়ার জামান (অভিভাবকগণ) সহকারী জজ আদালত,পটুয়াখালী তে মামলা দায়ের (মামলা নং- ১৪৬/২০২৫) পরিপ্রেক্ষিতে নির্বাচনে অস্থায়ী নিষেধাজ্ঞা বলবৎ আছে। অন্য আরেকজন অভিভাবকের মামলার (মামলা নং- ১৫৯/২০২৫) প্রেক্ষিতে নির্বাচন সংক্রান্ত অস্থায়ী নিষেধাজ্ঞা জারী আছে। উল্লেখ থাকে যে, ইউছুপ রাঢ়ী উল্লেখিত মাদ্রাসার শিক্ষক থাকাকালীন তার বিরুদ্ধে অনিয়মিত ক্লাস নেওয়াসহ বিভিন্ন অভিযোগও রয়েছে। বর্তমান এডহক সভাপতি বিভিন্ন সিন্ডিকেটের মাধ্যমে তার আপন ছোট ভাই (জসিম রাঢ়ী) কে পার্শ্বের ইউনিয়নের বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা EIIN NO.102286 এর সভাপতি নির্বাচনে প্রার্থী করে, যেখানে সে মাত্র ১ ভোট পায়। অভিযুক্ত- দুর্নীতিবাজ ইউছুপ রাঢ়ী বিভিন্ন রকমের ফ্যাসিস্টদের সহযোগীতা নিয়ে আর যাহাতে অপকর্ম, দুর্নীতি ও অনিয়ম করতে না পারে এবং পুনরায় যাহাতে মাদ্রাসার কমিটিতে স্থান না পায় সে লক্ষ্যে, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার দের তদন্ত সাপেক্ষে, কার্যকরী পদক্ষেপ গ্রহন করতঃ মাদ্রাসা বোর্ড কর্তৃক এডহক কমিটি গঠনের অনুমোদন দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এর ফলে অত্র মাদ্রাসার শিক্ষার মান, শিক্ষকদের নৈতিকতা ও শিক্ষার পরিবেশ ফিরে আসবে বলে সকল আমাদের অভিভাবকদের প্রত্যাশা।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন কমিটি সংক্রান্ত উপরোক্ত সকল সমস্যাগুলোর বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ সজাগ দৃষ্টি ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করিলে আমরা অভিভাবকবৃন্দ কৃতজ্ঞ থাকব।

বিনীত নিবেদক-

মোঃ আফাজ উদ্দিন

মোঃ আফাজ উদ্দিন
(অভিভাবকদের পক্ষে)